

২০০৯

বাংলা

পাঠপর্যায় — ১

পাঠমালা — ২

COURSE No. —BL - 1102

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

সমস্ত প্রশ্নের উত্তর দাও

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

- ১। প্রাক-তুর্কী যুগের বাংলার ধর্মীয়-সামাজিক-রাজনৈতিক পটভূমির একটি সংক্ষিপ্ত আলোচ্য রচনা করো।

৮

অথবা

চৈতন্য রেনেসাঁস বলতে কী বোঝ ? বাংলার সমকালীন রাজনৈতিক-সামাজিক-ধর্মীয়-সাংস্কৃতিক প্রেক্ষিতে এই রেনেসাঁসের স্বরূপ নির্ণয় করো।

৩ + ৫

- ২। বৌদ্ধ সহজিয়া ধর্মদর্শনের মূলকথা সংক্ষেপে বিবৃত করো। ৮

অথবা

সূফীতত্ত্ব সম্পর্কে সংক্ষেপে পর্যালোচনা করে মধ্যযুগের বাংলাসাহিত্যে এই মতাদর্শের প্রভাব দেখাও। ৪ + ৪

- ৩। শিবায়নকে মঙ্গল কাব্যরূপে অভিহিত করা চলে কি? রামেশ্বরের শিব-সঙ্কীর্ণণে দেবতার মানবায়ন কীভাবে ঘটেছে তা বিশ্লেষণ করে দেখাও। ৩ + ৫

অথবা

ভারতচন্দ্র তাঁর অনন্দামঙ্গল কাব্যকে 'নতুন মঙ্গল' নামে অভিহিত করেছেন। এহেন অভিধাদানের সার্থকতা বিচার করো। ৩ + ৫

- ৪। সমালোচকগণ জ্ঞানদাসের পদে রোমান্টিকতা ও আধুনিকতার প্রকাশ লক্ষ্য করেছেন। এ সম্পর্কে দৃষ্টান্তসহ তোমার মতামত বিবৃত করো। ৮

অথবা

গোবিন্দদাসের পদ তত্ত্ব ও দর্শনকে ছাপিয়ে প্রসাধনকলায় সমুজ্জ্বল — আলোচনা করো। ৮

- ৫। মধ্যযুগের বাংলা-সাহিত্যে কবি সৈয়দ আলাওলের স্বকীয়তা আলোচনা করো। ৩ + ৫

অথবা

রামায়ণ ও মহাভারতের তুলনায় ভাগবত অনুবাদের কম জনপ্রিয় হওয়ার কারণ কী? মালাধর বসুর ভাগবত অনুবাদের বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৩ + ৫